দৈনিক বাংলা

তারিখ 30 AUG 1996
পৃষ্ঠা ১ কলাম ৫

# ভার্সিটি পরিস্থিতি থমথমে ঃ পরীক্ষা ৫ সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আবার থমথমে অবস্থা বিরাজ করছে। গত বুধবার গভীর রাতে ছাত্রলীগের দুটি গ্রুপের মধ্যে বেশ কয়েক রাউন্ড গুলি বিনিময়ের পর ক্যাম্পাসে বিরাজ করছে উত্তেজনা। বর্তমান পরিস্থিতিতে অনেক ছাত্রছাত্রী হল ছেড়ে চলে গেছেন। হলগুলো এখন ফাঁকা। এদিকে চলছে ছাত্রদল আহূত

(৫-এর পৃঃ দ্রঃ)

## ভার্সিটি পরিস্থিতি

(প্রথম পৃষ্ঠার পর)

ধর্মঘট। ভার্সিটি কর্তৃপক্ষ ৫ সেপ্টেম্বর পর্যন্ত কোর্স পদ্ধতির পরীক্ষা স্থগিত করেছেন।

বুধবার রাতে এফএইচ হল ও শহীদুল্লাহ হলে অবস্থানরত গ্রুপটি জগন্নাথ হল আক্রমণ করে। এ সময় জগন্নাথ হলে অবস্থানরত গ্রুপটি তা প্রতিহত করে। এই ঘটনায় ২০ রাউন্ড গুলিবর্ষণ করা হয়। পুলিশও কয়েক রাউন্ড টিয়ার গ্যাস ছোড়ে। এই ঘটনার পর পুলিশ কবি জসীমউদ্দীন ও সূর্যসেন হলের কয়েকটি কক্ষে তল্লাশি চালায়।

এদিকে জাতীয়তাবাদী ছাত্রদল ঘোষণা করেছে তাদের দাবী পূরণ না হওয়া পর্যন্ত ধর্মঘট অব্যাহত থাকবে।

অন্যদিকে গত মঙ্গলবার শামসুন্নাহার হলে দুই দল ছাত্রীর মধ্যে চুলোচুলির ঘটনার রেশ শেষ হয়নি।

• বিশ্ববিদ্যালয়ে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিরাজমান পরিস্থিতির কারণে বিশ্ববিদ্যালয়ের কলা ভবন ও কার্জন হল পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠেয় বার্ষিক কোর্স পদ্ধতির সকল পরীক্ষা আগামী ৫ সেপ্টেম্বর বৃহস্পতিবার পর্যন্ত স্থগিত ঘোষণা করা হয়েছে।

স্থগিত পরীক্ষাসমূহের পরিবর্তিত তারিখ পরে ঘোষণা করা হবে।